

সারে ভর্তুকির পোস্ট অডিট (২০০৯-১০) করার লক্ষ্যে চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম নির্বাচনের জন্য
রিকোয়েস্ট ফর এক্সপ্রেশনস অব ইন্টারেস্ট (EOI)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয় কর্তৃক ২০০৯-১০ অর্থ বছরে টিএসপি, ডিএপি ও এমওপি সারে ভর্তুকি প্রদানকৃত অর্থের হিসাব নিরীক্ষাকরণ এবং তা যথানিয়মে পরিশোধ করা হয়েছে কিনা সে বিষয়টি নিশ্চিতকরণ ও প্রত্যয়নের লক্ষ্যে চার্টার্ড একাউন্টেন্ট/অডিট ফার্ম নিয়োগের জন্য আগ্রহ ব্যক্তকরণ দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তুকির হিসাব নিরীক্ষার ব্যয়ভার মিটানোর জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ আছে।

কৃষি মন্ত্রণালয় কর্তৃক বিগত ২০০৯-১০ অর্থবছরে প্রায় ৫.৩৮ লক্ষ মে.টন সার ভর্তুকি আওতায় ছাড় করা হয়। আমদানীকারকগণ দেশের সকল উপজেলায় সার ডিলারদের নিকট সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় করে। ডিলার নিজে সরাসরি বা খুচরা বিক্রেতার মাধ্যমে কৃষকের নিকট সার সরকার নির্ধারিত মূল্যে (ভর্তুকি মূল্যে) বিক্রয় করে। আমদানীকারক কর্তৃক ডিলারের নিকট বিক্রয় মূল্য ও আমদানি খরচের পার্থক্য সরকার ভর্তুকি হিসেবে আমদানীকারককে প্রদান করে। চার্টার্ড একাউন্টেন্ট/অডিট ফার্মের প্রধান কাজ হবে নিম্নরূপঃ-

- ১। ভর্তুকি প্রদানকৃত অর্থের হিসাব নিরীক্ষাকরণ এবং এ সংক্রান্ত সরকারী নীতিমালা/প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা এবং এ সংক্রান্ত দলিলপত্রাদি যথাযথ আছে কি না তা পরীক্ষাপূর্বক প্রত্যয়ন করা;
- ২। আমদানীকারকগণের আমদানি ও অন্যান্য দলিলপত্রাদি যথাযথ আছে কিনা তা পরীক্ষা করা;
- ৩। আমদানীকারকদের নিকট হতে ডিলার কর্তৃক ক্রয়কৃত সার জেলা/উপজেলায় পৌঁছানো সংক্রান্ত উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসারের নিকট দাখিলকৃত এরইডেল রিপোর্ট পরীক্ষা করা;
- ৪। সার ডিলারদের হেফাজতে রক্ষিত বিক্রয় রেজিস্টার, মজুদ রেজিস্টার সহ অন্যান্য দলিলপত্রাদি পরীক্ষা করা;
- ৫। আমদানীকারকওয়ারী, জেলাওয়ারী, উপজেলাওয়ারী ও ডিলারওয়ারী তথ্যসহ অডিট রিপোর্ট তৈয়ার করা।

শর্তাবলীঃ

- (১) আগ্রহী বাংলাদেশী চার্টার্ড একাউন্টেন্ট/অডিট ফার্মকে অবশ্যই কমপক্ষে ১০ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে এবং তাদের প্রয়োজনীয় জনবলসহ সহায়ক উপকরণাদি থাকতে হবে।
- (২) দরখাস্তের সাথে রেজিস্ট্রেশন সনদ, হালনাগাদ কর দাখিলের প্রমানক (পরিশোধিত করের পরিমাণ উল্লেখপূর্বক), কনসোর্টিয়ামের ক্ষেত্রে যৌথ উদ্যোগের চুক্তিনামা দাখিল এবং কর্মরত জনবলের জীবন-বৃত্তান্ত ও অভিজ্ঞতা যথাযথভাবে উল্লেখ করতে হবে।
- (৩) এ বিজ্ঞাপনের প্রেক্ষিতে অর্থাৎ ২০০৯-১০ অর্থবছরে আমদানিকৃত সারের ভর্তুকি অডিটের জন্য আবেদনপত্র (EOI) দাখিলকারী প্রতিষ্ঠান/কনসোর্টিয়াম পৃথক বিজ্ঞাপনে আহবানকৃত ২০০৮-০৯ অর্থ বছরে আমদানিকৃত সারে অডিটের জন্য আবেদনপত্র (EOI) দাখিল করতে পারবে না।

আগ্রহী প্রতিষ্ঠানকে তাদের যোগ্যতার স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি ও প্রমানক দাখিলের অনুরোধ করা হলো (সংস্থার সুযোগ-সুবিধা এবং দক্ষতার ক্ষেত্রসমূহ নির্দেশপূর্বক ব্রোশিয়ার; একই ধরনের সম্পাদিত কাজের বিবরণ; একই ধরনের কর্মপরিবেশ ও পরিস্থিতিতে পরিচালিত কাজের অভিজ্ঞতা ও পেশাগত যোগ্যতাসম্পন্ন জনবল এবং কাজ সম্পাদনে পর্যাপ্ত সম্পদের প্রাপ্যতা; এবং আর্থিক সঙ্গতি ও ব্যবস্থাপনাগত সামর্থ্য ইত্যাদি)।


আবেদনকারী তার সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কনসোর্টিয়াম গঠন করতে পারবে, তবে তা অত্যাবশ্যক নয়।

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর “গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি” অনুসরণে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। চুক্তি সম্পাদনের পর অনতিবিলম্বে কাজটি শুরু হবে।

আগ্রহী একাউন্টেন্ট/অডিট ফার্মের এ বিষয়ে অধিক তথ্য জানার প্রয়োজন হলে ৯৫৭০০৪৩ বা ৭১৬৪২৩২ ফোন নম্বরে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য জানতে পারবে।

সীলমোহরযুক্ত আবেদনপত্র (EOI) ১৮-০৫-২০১১ খ্রিঃ তারিখ দুপুর ২.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে এবং আবেদনের খামের উপরে স্পষ্টাক্ষরে “সারে ভর্তুকির পোস্ট-অডিট ২০০৯-১০ সংক্রান্ত Expressions of Interest (EOI)” লিখতে হবে।

যে কোন বা সকল আবেদনপত্র (EOI) বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


(মোঃ মোশাররফ হোসেন, উপ-প্রধান)
উপ-প্রধান (এইআর)
ভবন নং -৪, কক্ষ নং ৪২৯, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোনঃ ৭১৬৪২৩২